

১৬ কার্তিক ১৪২৭

২৭ অক্টোবর ২০২০

২৩.০২.১৫২৮.৫০৪.৩০.০০১.২০.৮৪১

দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি

কাজের বর্ণনা ও শর্তাবলী

সূত্র :

ক। কমান্ডার চট্টগ্রাম নৌ অঞ্চল পত্র নং ২৩.০২.১৫২৮.৩৫৩.৪৪.২০৩.২০.৪৮৬৭ তারিখ ২২ অক্টোবর ২০২০।

১। সূত্র পত্র মোতাবেক সিএসডি সংস্থার অধীনস্থ ইয়ার্ড সার্ভিস এর তত্ত্বাবধানে ফরওয়ার্ড বেইজ পেকুয়ায় অবস্থিত বানোজা শেখ হাসিনা ঘাঁটির নিম্নে বর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত প্রতিষ্ঠান সমূহের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	কাজের বিবরণ	মন্তব্য
ক।	ফরওয়ার্ড বেইজ চানুয়ায় অবস্থিত ৩৬ মিটার × ১০ মিটার × ২.৪৪ মিটার সাইজের ০২টি পন্টুনের শোরের পার্শ্বে ৪টি এ্যাংকর (পাঁচ টন) উত্তোলন করে ফরওয়ার্ড বেইজ পেকুয়ায় অবস্থিত বানোজা শেখ হাসিনা ঘাঁটি সংলগ্ন নদীতে শোরের পার্শ্বে ৪টি এ্যাংকর (পাঁচ টন) ১০ ফুট মাটির গভীরে স্থাপন করতঃ পন্টুন ২টি মুরিং করতে হবে।	
খ।	ফরওয়ার্ড বেইজ চানুয়া হতে ফরওয়ার্ড বেইজ পেকুয়ায় অবস্থিত বানোজা শেখ হাসিনা ঘাঁটি সংলগ্ন স্থানে পন্টুন ২টি স্থানান্তর করতে হবে।	

২। কার্য সংক্রান্ত নির্দেশাবলী। উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/নির্দেশনা মোতাবেক হতে হবে।

৩। তত্ত্বাবধায়ক শপ/ ঘাঁটি/ জাহাজ। উক্ত কাজ সিএসডি সংস্থার ইয়ার্ড সার্ভিস (এম) এর তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।

৪। জনবলের সার্বিক নিরাপত্তা। উক্ত কাজ সম্পাদনের সময় নিজস্ব সকল জনবলের সার্বিক নিরাপত্তা নিয়োগকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

৫। কার্য সম্পন্নের সময়সীমা। কার্যাদেশ গ্রহণের ১৫ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে।

৬। ওয়ারেন্টি। দরদাতাকে উল্লিখিত কাজ শেষে সংশ্লিষ্ট জাহাজ/ ঘাঁটি কর্তৃক গ্রহণযোগ্যতা/ Acceptance প্রদানের পর হতে ০১ বছর ওয়ারেন্টি প্রদান করতে হবে। ওয়ারেন্টিকালীন দরপত্রে উল্লিখিত কাজের কোন ক্রটি দেখা দিলে দরদাতা প্রয়োজনীয় কাজ সম্পাদন করবে।

৭। গ্রহণযোগ্য সনদপত্র ও বিল প্রদান। কাজ সমাপ্তির পর গ্রহণযোগ্য সনদপত্র এবং বিধি মোতাবেক অন্যান্য সকল নথিপত্রসহ যথাযথ বিল (চার সেট) সিএসডি বরাবরে পেশ করা হলে সিএসডি/এসএফসি (নৌ) ঢাকা কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

৮। আগামী ০৪ নভেম্বর ২০২০, ১২৩০ ঘটিকায় টেন্ডার বাক্স খোলা হবে।

৯। দরপত্র কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, নিউমুরিং, চট্টগ্রাম এর বরাবর দাখিল করতে হবে।


১০। দরপত্র সংক্রান্ত কোন বিষয় বোধগম্য না হলে অত্র সংস্থার ইয়ার্ড সার্ভিস ডিপার্টমেন্ট কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

১১। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল/ গ্রহণ করার ক্ষমতা রাখে।

১২। দরদাতা কর্তৃক প্রস্তাবিত দরমূল্যের মধ্যে ভ্যাট, ট্যাক্স অন্তর্ভুক্ত করে দরপত্র দাখিল করবে।

১৩। দরপত্র টেন্ডার বাক্সে ফেলার পূর্বে অবশ্যই খাম এবং গাম দ্বারা বন্ধ পূর্বক নিজস্ব প্রতিষ্ঠানের সীল মোহর যুক্ত হতে হবে। অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।

১৪। দরপত্র দাখিল করে দরপত্র খোলার পর বাতিল বা প্রত্যাহারের আবেদন করা হলে তা গ্রহণযোগ্য হবে না। কার্যদেশ প্রদানের পর কাজে অপারগতা প্রকাশ করলে মোট মূল্যের উপর ৫% জরিমানা আরোপ করা হবে।



শাহীদ মাহমুদ

কমান্ডার বিএন

পক্ষে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড

বিতরণঃ

অন্তঃ

কার্যঃ

প্রেসিডেন্ট টেভার কমিটি

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ইয়ার্ড সার্ভিস (এম)